

109335 - ইহরামের পোশাকে সুগন্ধি লাগানো নাজায়েয

প্রশ্ন

প্রশ্ন: কিছু লোক আছে যারা ইহরামকালে নিজের দেহে, মাথায় ও ইহরামের কাপড়ে সুগন্ধি লাগায়। এরপর সে কাপড় পরে ইহরাম করে। এর হুকুম কি?

প্রিয় উত্তর

মাথায় ও শরীরে সুগন্ধি লাগানো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত। 106550 নং প্রশ্নোত্তরে এ বিষয়টি আলোচিত হয়েছে। কিন্তু ইহরামের কাপড়ে সুগন্ধি লাগানো নাজায়েয। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইহরামকারীকে এমন কাপড় পরিধান করতে নিষেধ করেছেন যে কাপড়ে সুগন্ধি লাগানো হয়েছে। শাহীখ উচাইমীনকে ইহরামের কাপড়ে সুগন্ধি লাগানো সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন:

জায়েয নয়; কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা এমন কাপড় পরিধান করো না যাতে জাফরান কিংবা ওয়ারস (একজাতীয় সুগন্ধি উদ্ভিদ) লাগানো হয়েছে”[সমাঞ্জ]

শাহীখ উচাইমীনের ফতোয়াসমগ্র (৯/২২)